



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/15/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

**COVID-19 মহামারী নিয়ে নিউ ইয়র্কের চলমান প্রতিক্রিয়ার অংশ হিসেবে গভর্নর কুওমো নিয়  
ইয়র্ক স্টেট অফ হেল্থ মার্কেটপ্লেসের মাধ্যমে বিশেষ স্বাস্থ্য বীমা তালিকাভুক্তির মেয়াদ বৃদ্ধির  
ঘোষণা দিয়েছেন**

**বীমাহীন নিউ ইয়র্কবাসীদের জন্য বিশেষ তালিকাভুক্তি অতিরিক্ত 30 দিনের জন্য বর্ধিত করা  
হবে এবং 15 আগস্ট, 2020 পর্যন্ত খোলা থাকবে**

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে বীমাহীন নিউ ইয়র্কবাসীদের জন্য বিশেষ তালিকাভুক্তির সময়সীমা 15 আগস্ট, 2020 পর্যন্ত আরও 30 দিন বাড়ানো হবে, যেহেতু COVID-19 গণস্বাস্থ্য জরুরি অবস্থার সময় স্টেট সহায়ক সেবা প্রদান করে যাচ্ছে। নিউ ইয়র্কবাসীরা নিউ ইয়র্ক স্টেট অফ হেল্থ, নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বীমা মার্কেটপ্লেস, অথবা সরাসরি বীমাকারীর মাধ্যমে কভারেজের জন্য আবেদন করতে পারেন।

"এই কঠিন এবং অভূতপূর্ব সময়ে, গুণগত মান সম্পন্ন, সাশ্রয়ী মূল্যের স্বাস্থ্য সেবা নিউ ইয়র্কবাসীদের কল্যাণের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।" **গভর্নর কুওমো বলেন।** "যদিও আমরা সঠিক দিকে এগিয়ে যাচ্ছি, আমরা জানি আমরা এখনো বিপদের আওতার বাইরে নেই এবং উন্মুক্ত তালিকাভুক্তির সময়সীমা বাড়িয়ে আমরা নিশ্চিত করছি যে যেসব নিউ ইয়র্কবাসীদের সাশ্রয়ী মূল্যের স্বাস্থ্য সেবা কভারেজের প্রয়োজন তারা এটা পেতে পারে এবং নিজেদের এবং তাদের পরিবারকে নিরাপদ রাখতে সাহায্য করতে পারে।"

**নিউ ইয়র্ক স্টেট অফ হেল্থের নির্বাহী পরিচালক ডনা ফ্রেসকাটোর বলেন,** "আমাদের স্টেট এবং জাতির ইতিহাসে এই অভূতপূর্ব সময়ে আমরা নিউ ইয়র্কবাসীদের স্মরণ করিয়ে দিতে চাই যে নিউ ইয়র্ক স্টেট অফ হেল্থ এখানে একটি নিরাপত্তা জাল হিসেবে আছে। ব্যক্তির সাশ্রয়ী, সর্বাঙ্গীণ স্বাস্থ্য বীমা কভারেজ খুঁজে পেতে পারেন এবং তালিকাভুক্ত করতে পারেন, এবং আমাদের কাস্টমার সার্ভিস সেন্টার এবং তালিকাভুক্তি সহায়করা এই প্রক্রিয়ায় সাহায্য করার জন্য উপলভ্য আছেন।"

**ফাইন্যান্সিয়াল সার্ভিসেসের সুপারিনটেনডেন্ট লিন্ডা এ. লেসওয়েল বলেন,** "নিউ ইয়র্ক বক্ররেখা কমিয়ে এনেছে কিন্তু সকল নিউ ইয়র্কবাসীদের জন্য গুণগত মান সম্পন্ন এবং সাশ্রয়ী মূল্যের বাণিজ্যিক স্বাস্থ্য বীমা পাওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই বিশেষ তালিকাভুক্তির সময়সীমা বৃদ্ধি একটি অন্যতম উপায় যার মাধ্যমে নিউ ইয়র্ক, নিউ ইয়র্কবাসীদের চাহিদা পূরণের জন্য বাণিজ্যিক স্বাস্থ্য

শিল্পের সাথে একসাথে কাজ করে যাচ্ছে। ডিপার্টমেন্ট অফ ফিন্যান্সিয়াল সার্ভিসেস (DFS) নিউ ইয়র্কবাসীদের সুস্থ এবং নিরাপদ রাখার এই প্রচেষ্টার অংশ হতে পেরে গর্বিত।"

নিউ ইয়র্ক স্টেট অফ হেল্থ, স্টেট ডিপার্টমেন্ট অফ ফিন্যান্সিয়াল সার্ভিসেস এবং নিউ ইয়র্ক স্টেট বীমাকারীরা COVID-19 গণস্বাস্থ্য জরুরি অবস্থার আলোকে এই পদক্ষেপ গ্রহণ করছে যাতে ব্যক্তির খরচের ভয়ে পরীক্ষা বা চিকিৎসা সেবা এড়িয়ে না যায়। যে সকল ব্যক্তি নিয়োগকর্তার কভারেজ হারিয়েছেন তাদের অবশ্যই কভারেজ হারানোর 60 দিনের মধ্যে আবেদন করতে হবে এবং যারা আয় হারিয়েছেন তারা মেডিকেইড, এসেনশিয়াল প্ল্যান, চাইল্ড হেল্থ প্লাস বা ভর্তুকিয়ুক্ত যোগ্যতাসম্পন্ন স্বাস্থ্য পরিকল্পনার জন্য যোগ্য হতে পারেন।

যে সকল ব্যক্তি নিউ ইয়র্ক স্টেট অফ হেল্থ-এর মাধ্যমে অথবা 15 আগস্ট, 2020 তারিখের মধ্যে সরাসরি বীমাকারীর মাধ্যমে যোগ্যতাসম্পন্ন স্বাস্থ্য পরিকল্পনায় ভর্তি হবেন, তাদের 1 আগস্ট অথবা 1 সেপ্টেম্বর 2020 তারিখের মধ্যে কভারেজ শুরুর তারিখ বেছে নিতে হবে। যে সকল ব্যক্তি অন্যান্য নিউ ইয়র্ক স্টেট অফ হেল্থ প্রোগ্রামের জন্য যোগ্য - মেডিকেইড, এসেনশিয়াল প্ল্যান এবং চাইল্ড হেল্থ প্লাস - তারা সারা বছর ভর্তি হতে পারেন। পরিশেষে, গভর্নর কুওমোর নির্দেশে, নিউ ইয়র্কের সকল বীমাকারী COVID-19 পরীক্ষার জন্য খরচ ভাগাভাগি [মুক্ত করেছে।](#)

বরাবরের মতই, ভোক্তারা নিউ ইয়র্ক স্টেট অফ হেল্থ-এর মাধ্যমে অনলাইনে কভারেজের জন্য আবেদন করতে পারবেন [nystateofhealth.ny.gov](http://nystateofhealth.ny.gov) 1-855-355-5777 নম্বরে ফোন করে এবং বিনামূল্যে [তালিকাভুক্তি সহায়কের](#) সাথে সংযুক্ত হয়ে।

করোনাভাইরাস জরুরি অবস্থার সময় নিউ ইয়র্ক স্টেট অফ হেল্থ ইন্স্যুরেন্স বিকল্প সম্পর্কে অতিরিক্ত তথ্য [এখানে](#) পাওয়া যাবে। করোনাভাইরাস জরুরি অবস্থার সময় আর্থিক পরিষেবা দপ্তর সংক্রান্ত তথ্য এবং সম্পদ [এখানে](#) পাওয়া যাবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)